Front Page

Back Page

# ফাইমক্সিল®

*এ্যামোক্সিসিলিন ট্রাইহাইড্রেট/সোডিয়াম বিপি*

50002

**উপস্থাপন**

*ফাইমক্সিল ২৫০ ক্যাপসুল ঃ* কোম্পানীর প্রতীক ও ইংরেজীতে 'ফাইমক্সিল ২৫০' অংকিত কমলা ও কালো রঙের ক্যাপসুল; প্রতি ক্যাপসুলে আছে এ্যামোক্সিসিলিন ২৫০ মিগ্রা এর সমমান এ্যামোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি।

*ফাইমক্সিল ৫০০ ক্যাপসুল ঃ* কোম্পানীর প্রতীক ও ইংরেজীতে 'ফাইমক্সিল ৫০০' অংকিত কালো ও লালচে কমলা রঙের ক্যাপসুল; প্রতি ক্যাপসুলে আছে এ্যামোক্সিসিলিন ৫০০ মিগ্রা এর সমমান এ্যামোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি।

*ফাইমক্সিল ২৫০ ট্যাবলেট ঃ* হালকা হলুদ বর্ণের, উপবৃত্তাকার আবরিত ট্যাবলেট; প্রতি ট্যাবলেটে আছে এ্যামোক্সিসিলিন ২৫০ মিগ্রা এর সমমান এ্যামোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি।

*ফাইমক্সিল ৫০০ ট্যাবলেট ঃ* হালকা হলুদ বর্ণের ক্যাপসুল আকৃতির আবরিত ট্যাবলেট; প্রতি ট্যাবলেটে আছে এ্যামোক্সিসিলিন ৫০০ মিগ্রা এর সমমান এ্যামোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি।

*ফাইমক্সিল সিরাপ ঃ* প্রতি বোতলে আছে কলার গন্ধযুক্ত হলুদ রঙের ১০০ মিলি সিরাপ তৈরীর জন্য প্রয়োজনীয় পাউডার; সিরাপ তৈরীর পর প্রতি ৫ মিলি এ থাকে এ্যামোক্সিসিলিন ১২৫ মিগ্রা এর সমমান এ্যামোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি।

*ফাইমক্সিল ডিএস সিরাপ ঃ* প্রতি বোতলে আছে কলার গন্ধযুক্ত হলুদ রঙের ১০০ মিলি সিরাপ তৈরীর জন্য প্রয়োজনীয় পাউডার; সিরাপ তৈরীর পর প্রতি ৫ মিলি এ থাকে এ্যামোক্সিসিলিন ২৫০ মিগ্রা এর সমমান এ্যামোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি।

*ফাইমক্সিল পেডিয়াট্রিক ড্রপস ঃ* প্রতি বোতলে আছে কলার গন্ধযুক্ত হলুদ রঙের ১৫ মিলি ড্রপস তৈরীর জন্য প্রয়োজনীয় পাউডার; ড্রপস তৈরীর পর প্রতি ১.২৫ মিলি এ থাকে এ্যামোক্সিসিলিন ১২৫ মিগ্রা এর সমমান এ্যামোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি। ১.২৫ মিলি মাত্রা পরিমাপের জন্য সাথে একটি ড্রপার দেয়া আছে।

*ফাইমক্সিল ২৫০ ইনজেকশন ঃ* প্রতি ভায়ালে আছে এ্যামোক্সিসিলিন ২৫০ মিগ্রা এর সমমান এ্যামোক্সিসিলিন সোডিয়াম বিপি পাউডার।

*ফাইমক্সিল ৫০০ ইনজেকশন ঃ* প্রতি ভায়ালে আছে এ্যামোক্সিসিলিন ৫০০ মিগ্রা এর সমমান এ্যামোক্সিসিলিন সোডিয়াম বিপি পাউডার।

**ব্যবহার**

ফাইমক্সিল একটি ব্রড স্পেকট্রাম পেনিসিলিন যা সংবেদনশীল (susceptible) গ্রাম-পজিটিভ ও গ্রাম-নিগেটিভ জীবাণুর (organism) বহুবিধ সংক্রমণে (infection) ব্যবহার্য। নিম্নোক্ত জীবাণু সংক্রমণের চিকিৎসায় এটি নির্দেশিতঃ

*রেসপিরেটরী ট্র্যাক্ট নাক, কান ও গলার সংক্রামণ ঃ* তীব্র (acute) ও দীর্ঘায়িত (chronic) ব্রংকাইটিস, নিউমোনিয়া, অটাইটিস মিডিয়া, সাইনোসাইটিস, টনসিলাইটিস, ফ্যারিনজাইটিস ও ল্যারিনজাইটিস।

*ইউরিনারী ট্র্যাক্ট সংক্রমণ ঃ* পাইলোনেফরাইটিস, সিসটাইটিস ও ইউরেথ্রাইটিস।

*অবস্টেটরিক ও গাইনোকোলোজিক্যাল সংক্রমণ ঃ* গর্ভকালীন জীবাণুদুষ্ট প্রস্রাব (bacteriuria in pregnancy), সেপটিক এবরশন, ইন্ট্রাএবডোমিনাল সেপসিস এবং পুয়েরপুরাল সেপসিস।

*গ্যাসট্রো-ইনটেসটিনাল সংক্রমণ ঃ* টাইফয়েড ও প্যারাটাইফয়েড।

*স্কিন ও সফ্‌ট টিস্যু সংক্রমণ ঃ* সেলুলাইটিস, সংক্রমিত ক্ষত (infected wounds) ও পুঁজাশয় (abscess)।

*জেনারেলাইজড সংক্রমণ ঃ* সেপটিসেমিয়া, ব্যাকটেরিয়াল এনডোকারডাইটিস, মেনিনজাইটিস, পেরিটোনাইটিস এবং অসটিওমায়েলাইটিস।

*যৌন সংক্রমণ (Venereal infection) ঃ* গনোরিয়া ও সিফিলিস।

যে সব রোগীর অস্ত্রোপচার পরবর্তী এনডোকারডাইটিস হওয়ার সম্ভাবনা বেশী, তাদের বেলায় প্রতিরোধক হিসেবেও ফাইমক্সিল ব্যবহার করা যেতে পারে।

**মাত্রা ও প্রয়োগ**

*প্রাপ্তবয়স্কদের প্রচলিত মাত্রা ঃ*

*খাওয়ার জন্য ঃ* ২৫০ মিগ্রা দিনে তিনবার। মারাত্মক ধরনের সংক্রমণের ক্ষেত্রে এই মাত্রা বাড়িয়ে ৫০০ মিগ্রা দিনে তিনবার পর্যন্ত দেয়া যেতে পারে।

*ইনজেকশন হিসেবে ঃ* মাঝারি ধরনের সংক্রমণের ক্ষেত্রে ২৫০ মিগ্রা থেকে ৫০০ মিগ্রা মাংসপেশীতে আট ঘন্টা পর পর কিংবা প্রয়োজন বোধে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী আরো ঘন ঘন দেয়া যেতে পারে। মারাত্মক ধরনের সংক্রমণের ক্ষেত্রে ৫০০ মিগ্রা থেকে ১ গ্রাম শিরাপথে ছয় ঘন্টা পর পর।

*শিশুদের প্রচলিত মাত্রা ঃ*

*খাওয়ার জন্য ঃ* ২ থেকে ১০ বৎসর পর্যন্তঃ প্রাপ্তবয়স্ক মাত্রার অর্ধেক।

*২ বৎসরের নীচে ঃ* প্রাপ্তবয়স্ক মাত্রার এক-চতুর্থাংশ।

*ইনজেকশন হিসেবে ঃ* ১০ বৎসর পর্যন্ত ঃ শরীরের প্রতি কেজি ওজনের জন্য সংক্রমণের তীব্রতা অনুসারে ৫০ মিগ্রা থেকে ১০০ মিগ্রা ৩ থেকে ৪ সমবিভক্ত মাত্রায় শিরাপথে বা মাংসপেশীতে প্রয়োগ করতে হবে।

কিছু সুনির্দিষ্ট মাত্রা ঃ

*টাইফয়েড ও প্যারাটাইফয়েড ঃ*

*প্রাপ্তবয়স্ক ঃ* প্রতিদিন ৪ গ্রাম বিভক্ত মাত্রায় ১৪-২১ দিন।

*শিশু ঃ* শরীরের প্রতি কেজি ওজনের জন্য ১০০ মিগ্রা হিসেবে প্রতিদিন বিভক্ত মাত্রায় ১৪-২১ দিন।

*টাইফয়েড রোগজীবাণু বহনকারীদের বেলায় ঃ* প্রতিদিন ৩-৪ গ্রাম বিভক্ত মাত্রায় কমপক্ষে এক মাস।

*গনোরিয়া ঃ* ৩ গ্রাম এর একটি একক মাত্রা।

*সাধারণ তীব্র ইউরিনারী ট্র্যাক্ট সংক্রমণ ঃ* স্বল্পকালীন চিকিৎসা ঃ ১০-১২ ঘন্টার ব্যবধানে ৩ গ্রাম এর দুইটি একক মাত্রা।

*সিফিলিস ঃ* রোগের প্রকারভেদ ও সেরোলজিক্যাল প্রতিক্রিয়ার উপর নির্ভর করে ২৫০ মিগ্রা প্রতি ৬ ঘন্টা পর পর ১-৫ মাস।

*মেনিনজাইটিস ঃ প্রাপ্তবয়স্ক ঃ* শরীরের প্রতি কেজি ওজনের জন্য ১৫০ মিগ্রা হিসেবে প্রতিদিন সমবিভক্ত মাত্রায় শিরাপথে ইনজেকশনের মাধ্যমে।

*শিশু ঃ* শরীরের প্রতি কেজি ওজনের জন্য ১০০ মিগ্রা থেকে ১৫০ মিগ্রা হিসেবে প্রতিদিন সমবিভক্ত মাত্রায় শিরাপথে ইনজেকশনের মাধ্যমে।

*ডেন্টাল এ্যাবসেস (প্রয়োজনীয় সার্জিক্যাল ব্যবস্থা গ্রহণের পর) ঃ* আট ঘন্টার ব্যবধানে ৩ গ্রাম এর দুইটি একক মাত্রা।

*মারাত্মক অথবা রিকারেন্ট তীব্র অটাইটিস মিডিয়া ঃ ৩ থেকে ১০ বৎসর পর্যন্ত ঃ* প্রচলিত মাত্রার বিকল্প হিসেবে ৭৫০ মিগ্রা প্রতিদিন ২ বার দেয়া যেতে পারে দুই দিনের জন্য।

এনডোকারডাইটিস প্রতিরোধে ঃ

*প্রাপ্তবয়স্ক ঃ* অস্ত্রোপচারের ১ ঘন্টা আগে ও ৬ ঘন্টা পরে ৩ গ্রাম একত্রে খেতে হবে অথবা এনেসথেসিয়া দেয়ার পাশাপাশি মাংসপেশীতে ইনজেকশন হিসেবে ১ গ্রাম প্রয়োগ করার ৬ ঘন্টা পর ৫০০ মিগ্রা খেতে হবে।

*শিশু ঃ* প্রাপ্তবয়স্ক মাত্রার অর্ধেক।

রোগীর হৃৎপিণ্ডে কৃত্রিম ভালভ সংস্থাপিত হয়ে থাকলে অথবা রোগীর এনডোকারডাইটিসের কোন ইতিহাস থাকলে রোগীকে এ্যামোক্সিসিলিন এর পাশাপাশি জেনটামাইসিনও প্রয়োগ করতে হবে।

**প্রয়োগ ঃ**

*খাওয়ার জন্য ঃ* ক্যাপসুল, ট্যাবলেট, সিরাপ অথবা পেডিয়াট্রিক ড্রপস।

*মাংসপেশীতে ইনজেকশন হিসেবে ঃ* ২৫০ মিগ্রা এর সাথে ১.৫ মিলি এবং ৫০০ মিগ্রা এর সাথে ২.৫ মিলি ওয়াটার ফর ইনজেকশন বিপি মিশিয়ে ভাল ভাবে ঝাঁকিয়ে দ্রবীভূত করতে হবে। মাংসপেশীতে প্রয়োগের সময় যদি ব্যথা অনুভূত হয় তবে ওয়াটার ফর ইনজেকশনের পরিবর্তে জীবাণুমুক্ত (sterile) ১% লিগনোকেইন হাইড্রোক্লোরাইড কিংবা ০.৫% প্রোকেইন হাইড্রোক্লোরাইডের দ্রবণ ব্যবহার করা যেতে পারে।

*শিরাপথে ইনজেকশন হিসেবে ঃ* ২৫০ মিগ্রা এর সাথে ৫ মিলি এবং ৫০০ মিগ্রা এর সাথে ৫ থেকে ১০ মিলি ওয়াটার ফর ইনজেকশন বিপি মিশিয়ে দ্রবীভূত করতে হবে। এরপর এই দ্রবণকে সরাসরি শিরায় অথবা ড্রিপ টিউবে তিন থেকে চার মিনিট ধরে ধীরে ধীরে প্রয়োগ করতে হবে।

*শিরাপথে ইনফিউশন হিসেবে ঃ* শিরাপথে ইনজেকশন হিসেবে প্রয়োগের জন্য প্রস্তুতকৃত দ্রবণ শিরাপথে প্রয়োগোপযোগী যে কোন দ্রবণের সাথে মিশিয়ে ৩০ থেকে ৬০ মিনিট ধরে প্রয়োগ করতে হবে।

*টিকা ঃ* এ্যামোক্সিসিলিন সোডিয়াম এর দ্রবণ তৈরীর সময় গোলাপী রঙের উদ্ভব অথবা আলোর সামান্য প্রতিফলন (slight opalescence) হতে পারে। দ্রবণ সাধারণতঃ হালকা খড় এর রঙের মত হয়ে থাকে।

**বিরুদ্ধ-ব্যবহার, সাবধানতা, ইত্যাদি**

*বিরুদ্ধ-ব্যবহার ঃ* পেনিসিলিনে অতি-সংবেদনশীল (hypersensitive) রোগীদের ক্ষেত্রে এ্যামোক্সিসিলিন প্রয়োগ নিষিদ্ধ। ইনফেকসাস মনোনিউক্লিউসিস (glandular fever) এর রোগীদের এ্যামোক্সিসিলিন দেয়া উচিত নয়।

**সতর্কতা**

রেনাল ইমপেয়ারমেন্ট এর ক্ষেত্রে শরীর থেকে এন্টিবায়োটিক নির্গমন বিলম্বিত হয়ে বলে রেনাল ইমপেয়ারমেন্টের মাত্রার উপর নির্ভর করে ওষুধটির দৈনিক মাত্রা কমাতে হতে পারে।

**পার্শ্ব-প্রতিক্রিয়া**

ওষুধটির পার্শ্ব-প্রতিক্রিয়া সাধারণতঃ মৃদু ধরনের ও ক্ষণস্থায়ী হয়ে থাকে। এই সমস্ত পার্শ্ব-প্রতিক্রিয়ার মধ্যে রয়েছে ডায়রিয়া, অজীর্ণ (indigestion) কখনো কখনো র‌্যাশ-আরটিকারিয়েল অথবা ইরিথিমেটাস জাতীয়। যে কোন ধরনের র‌্যাশে রোগীকে এই ওষুধ দেয়া বন্ধ করতে হবে।

**ভেষজ সতর্কতা**

ফাইমক্সিল সিরাপ ও ড্রপস ব্যবহারের আগে তাৎক্ষণিকভাবে তৈরী করে ঠাণ্ডা স্থানে (সম্ভব হলে রেফ্রিজারেটরে) রাখতে হবে। সংমিশ্রিত সিরাপ ও ড্রপস সাধারণ তাপমাত্রায় রাখলে পাঁচ দিনের মধ্যে অথবা রেফ্রিজারেটরে রাখলে সাত দিনের মধ্যে ব্যবহার করতে হবে।

ইনজেকশন প্রয়োগের উদ্দেশ্যে প্রস্তুতকৃত ফাইমক্সিল দ্রবণ তৈরীর সাথে সাথে ব্যবহার করতে হবে। শিরাপথে প্রয়োগোপযোগী অধিকাংশ দ্রবণের সাথেই ফাইমক্সিল মেশানো যায়। তবে কখনোই রক্তজ সামগ্রী বা অন্যান্য আমিষ জাতীয় তরল (যেমন প্রোটিন হাইড্রোলাইসেটস) এর সাথে মেশানো যাবে না ডেক্সট্রোজ অথবা অন্যান্য কার্বোহাইড্রেট সহযোগে তৈরী শিরায় প্রয়োগোপযোগী এমন কোন দ্রবণের সাথে ফাইমক্সিল মেশানোর এক ঘন্টার মধ্যে ব্যবহার করতে হবে।

**সংরক্ষণ**

ফাইমক্সিল এর সকল ডোসেজ ফরমসকে ঠাণ্ডা ও শুকনো স্থানে রাখতে হবে।

**প্যাকেজ পরিমাণ**

*ফাইমক্সিল ২৫০ ক্যাপসুল ঃ প্রতি বাক্সে ৮x১৫x২৫০ মিগ্রা এর ব্লিস্টার প্যাক।*

*ফাইমক্সিল ৫০০ ক্যাপসুল ঃ* প্রতি বাক্সে ৮x১৫x৫০০ মিগ্রা এর ব্লিস্টার প্যাক।

*ফাইমক্সিল ২৫০ ট্যাবলেট ঃ* প্রতি বাক্সে ১০x১০x২৫০ মিগ্রা এর ব্লিস্টার প্যাক।

*ফাইমক্সিল ৫০০ ট্যাবলেট ঃ* প্রতি বাক্সে ৫x১০x৫০০ মিগ্রা এর ব্লিস্টার প্যাক।

*ফাইমক্সিল সিরাপ ঃ* প্রতি বোতলে ১০০ মিলি সিরাপ তৈরীর জন্য প্রয়োজনীয় পাউডার।

*ফাইমক্সিল ডিএস সিরাপ ঃ* প্রতি বোতলে ১০০ মিলি সিরাপ তৈরীর জন্য প্রয়োজনীয় পাউডার।

*ফাইমক্সিল পেডিয়াট্রিক ড্রপস ঃ* প্রতি বোতলে ১৫ মিলি ড্রপস তৈরীর জন্য প্রয়োজনীয় পাউডার।

*ফাইমক্সিল ২৫০ ইনজেকশন ঃ* প্রতি বাক্সে ১০টি কম্বিপ্যাকস। প্রতি কম্বিপ্যাকে আছে ২৫০ মিগ্রা এর একটি ভায়াল এবং তরলীকরণের জন্য ৫ মিলি ওয়াটার ফর ইনজেকশন বিপি এর একটি এ্যাম্পুল।

*ফাইমক্সিল ৫০০ ইনজেকশন ঃ* প্রতি বাক্সে ১০টি কম্বিপ্যাকস। প্রতি কম্বিপ্যাকে আছে ৫০০ মিগ্রা এর একটি ভায়াল এবং তরলীকরণের জন্য ৫ মিলি ওয়াটার ফর ইনজেকশন বিপি এর একটি এ্যাম্পুল।

মেয়াদ উত্তীর্ণের পর ব্যবহার করবেন না।

সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

কেবলমাত্র রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী বিতরণযোগ্য।


Manufactured by:

synovia

**Synovia Pharma PLC.,** Station Road, Tongi, Gazipur.
A Subsidiary of BEXIMCO PHARMACEUTICALS LTD.

584966/6


# Direction Slip artwork legend

| | | |
|---|---|---|
| Product Name | : | Fimoxyl |
| Code number | : | 584966/6 |
| Dimension | : | L 11.10 x W 2.75 inches |
| Min. size of text | : | 8 pt |
| Used Colors | : | Black C ■ Pantone 186 C ■ |